

Total number of printed pages-7

63 (FY)SEM-2/MAJ2/BENMIN1024

2024

BENGALI

Paper : BENMIN 1024

(Autobiography and Biography)

Full Marks : 70

Pass Marks : 28

Time : Three hours

**The figures in the margin indicate
full marks for the questions.**

১। বিকল্প সমন্বিত প্রশ্নগুলির শুদ্ধ উত্তরটি নির্বাচন করো :

১×৮=৮

(ক) 'কান্নার জোরে' রবীন্দ্রনাথ ঠাকুর কোন্ স্কুলে ভর্তি হয়েছিলেন?

(i) বেঙ্গল একাডেমি

(ii) নর্মাল স্কুল

(iii) ওরিয়েন্টাল সেমিনারি

(iv) সেন্ট ফ্রান্সিস স্কুল

Contd.

(খ) “এই কাগজেই বিহারীলাল চক্রবর্তীর কবিতা প্রথম পড়িয়াছিলামা” কাগজটির নাম হলো -

- (i) অবোধবন্ধু
- (ii) বিবিধার্থ-সংগ্রহ
- (iii) বঙ্গদর্শন
- (iv) সবুজপত্র

(গ) “অবশেষে বঙ্কিমের বঙ্গদর্শন আসিয়া বাঙালির হৃদয় একেবারে লুট করিয়া লইল।” - উদ্ধৃতাংশটি ‘জীবনস্মৃতি’ গ্রন্থের কোন্ অধ্যায় থেকে নেওয়া হয়েছে-

- (i) প্রত্যাবর্তন
- (ii) হিমালয়যাত্রা
- (iii) বাড়ির আবহাওয়া
- (iv) ঘরের পড়া

(ঘ) সুজিৎ চৌধুরী তাঁর পিসতুতো দাদাকে কী বলে ডাকতো?

- (i) রাঙাদা
- (ii) ফুলদা

(iii) মেজদা

(iv) মিষ্টিদা

(ঙ) সুজিৎ চৌধুরীর পিতার নাম কী ছিল?

- (i) বিধুভূষণ চৌধুরী
- (ii) রাজেন্দ্র নারায়ণ চৌধুরী
- (iii) জিতেন্দ্র মোহন চৌধুরী
- (iv) সারদা রঞ্জন চৌধুরী

(চ) ‘হারানো দিন হারানো মানুষ’ গ্রন্থে লেখকের পিতা সোনার মেডেল বিক্রি করে কত টাকা পেয়েছিলেন?

- (i) ৭৫ টাকা
- (ii) ৪৫ টাকা
- (iii) ৩৫ টাকা
- (iv) ২৫ টাকা

(ছ) কত টাকা পুঁজি নিয়ে বারীন্দ্র ‘যুগান্তর’ পত্রিকা শুরু করেছিলেন?

- (i) ৩০ টাকা
- (ii) ৫০ টাকা

(iii) ৭০ টাকা

(iv) ১০০ টাকা

(জ) 'নির্বাসিতের আত্মকথা' গ্রন্থে লেখকের জেলে যাওয়ার সময় তাঁর ছেলের বয়স কত হয়েছিল?

(i) ১ বছর

(ii) ২ বছর

(iii) ১½ বছর

(iv) ২½ বছর

২। নিম্নলিখিত প্রশ্নগুলির সংক্ষিপ্ত উত্তর দাও (যে-কোনো ছয়টি) : $২ \times ৬ = ১২$

(ক) "সেইজন্য বিশ্ব-প্রকৃতিকে আড়াল-আবডাল হইতে দেখিতাম।" বক্তা কেন বিশ্ব-প্রকৃতিকে আড়াল-আবডাল হতে দেখতেন?

(খ) "আমার জীবনে এইটেই আদি কবির প্রথম কবিতা।" আদি কবির প্রথম কবিতাটি কি? 'জীবনস্মৃতি' গ্রন্থের কোন্ অধ্যায়ে এর উল্লেখ আছে?

(গ) "অনাদর একটা মস্ত স্বাধীনতা-সেই স্বাধীনতায় আমাদের মন মুক্ত ছিল।" বক্তা কে? কোন্ প্রসঙ্গে বক্তা এ কথা বলেছেন?

(ঘ) "শিক্ষকতার বাইরে মেসোমশাইয়ের দুটো ব্যাপারে প্রবল আসক্তি ছিল।" মেসোমশাইয়ের আসক্তি দুটো কী কী?

(ঙ) পাইলগাঁও স্কুলের সেক্রেটারি কে ছিলেন? তাঁকে সবাই কী নামে ডাকতো?

(চ) বিদ্যাসাগর কলেজের পূর্ব নাম কী ছিল? প্রিন্সিপাল সারদারঞ্জন মহাশয় কোন্ বিষয়ে দুর্ধর্ষ পণ্ডিত ছিলেন?

(ছ) "মিষ্ট কথায় কিরূপে কাজ গোছাইতে হয় তাহা তিনি ভালো করিয়াই জানিতেন, তাই ছেলেরা তাহাকে লক্ষ্য করিয়া গান গাহিত" এখানে কার কথা বলা হয়েছে? ছেলেরা তাঁকে লক্ষ্য করে কোন্ গান গাইত?

(জ) "দৈত্যকুলে প্রহ্লাদ-এর মতো তিনিই ছিলেন পুলিশ-কর্মচারীদের মধ্যে একমাত্র ভদ্রলোক।" পুলিশ-কর্মচারীদের নাম কী? তিনি লেখকের কী উপকার করেছিলেন?

৩। নিম্নলিখিত প্রশ্নগুলির যে-কোনো ছয়টির উত্তর দাও :

৫×৬=৩০

(ক) 'জীবনস্মৃতি' গ্রন্থের অক্ষয় চৌধুরী সম্পর্কে আলোচনা করো।

(খ) শ্রীকণ্ঠবাবু চরিত্রটি আলোচনা করো।

(গ) 'জীবনস্মৃতি' গ্রন্থের 'শিক্ষারম্ভ'-অধ্যায়টি অবলম্বনে শিশু রবীন্দ্রনাথের শিক্ষাগ্রহণ বিষয়ে আলোচনা করো।

(ঘ) "আমরা তাকে জ্যাঠাইমা বলে জানি।"- বক্তা কে? জ্যাঠাইমা চরিত্রটি আলোচনা করো।

(ঙ) "বর্ষায় প্রায় ছ'সাত মাস ওখানকার জীবনযাত্রা ছিল নৌকো নির্ভর।" পাইলগাঁও গ্রামের নৌকো নির্ভর জীবনযাত্রার পরিচয় দাও।

(চ) "একবারই শুধুনেহাৎ ঘটনাচক্রে বাবা একটা কচ্ছপ শিকার করেছিলেন।" লেখকের বাবার কচ্ছপ শিকারের ঘটনাটি লেখো।

(ছ) 'নির্বাসিতের আত্মকথা' গ্রন্থে লেখকের গ্রেপ্তারের দৃশ্যটি বর্ণনা করো।

(জ) "আমি ফ্রান্সে গিয়ে ফরাসী রান্না শিখে এসেছি, সুতরাং আমার মতই ঠিকা" কে বলেছেন, সপ্রসঙ্গ আলোচনা করো।

(ঝ) "কুচ পরোয়া নেহি, আজ রাতটা কলিকাতার রাস্তায় না হয় ঘুরিয়া ঘুরিয়া বেড়াইব।" বক্তা কে? তাঁর রাতে কলিকাতার রাস্তায় ঘুরে বেড়ানোর বিষয়টি বর্ণনা করো।

৪। নিম্নলিখিত যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দাও :

১০×২=২০

(ক) পিতৃদেব সম্পর্কে রবীন্দ্রনাথের মনে যে আবেগ ও অনুভূতি সঞ্চারিত হয়েছে তা 'পিতৃদেব' অধ্যায় অবলম্বনে আলোচনা করো।

(খ) 'জীবনস্মৃতি' গ্রন্থের 'হিমালয়যাত্রা' অধ্যায়টি আলোচনা করো।

(গ) 'হারানো দিন হারানো মানুষ' গ্রন্থ অবলম্বনে 'আমাদের প্রতিবেশীরা' অধ্যায়টি বর্ণনা করো।

(ঘ) আন্দামান জেলে কয়েদী-নিগ্রহের বর্ণনা দাও।